যুগান্তর

প্রিন্ট: ২৭ আগস্ট ২০২৫, ১০:১৬ এএম

শিক্ষাঙ্গন

ডাকসু নির্বাচন

# প্রচারণার প্রথম দিনই শিবিরের ব্যানার ভাঙচুর

যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৬ আগস্ট ২০২৫, ০৬:১০ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের প্রচারণার প্রথম দিনই ইসলামী ছাত্রশিবির সমর্থিত ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের দুটি ব্যানার ভাঙচুরের ঘটনা ঘটেছে।

মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদে দুই ধাপে এ ঘটনা ঘটে।

প্রথমে সামাজিক যোগাযোগ মাধ্যমে একটি ব্যানার ভাঙচুরের ছবি ছড়িয়ে পড়লে সরেজমিনে গিয়ে এর সত্যতা মেলে। দুপুর ২টা ১৯ মিনিটে চারুকলায় একটি ভাঙা ব্যানার পড়ে থাকতে দেখা যায়, যদিও ভেতরে আরেকটি ব্যানার তখনো অক্ষত ছিল। তবে পরে বিকাল ৩টার দিকে সহকারী প্রক্টর ইসরাফিল প্রাং সেটিও ভাঙা অবস্থায় দেখতে পান।

সহকারী প্রক্টরের সংগৃহীত একটি ভিডিওতে দেখা যায়, দুজন শিক্ষার্থী ব্যানার ভাঙচুর করছেন। তাদের একজন লাল টি-শার্ট ও অন্যজন কালো টি-শার্ট পরিহিত ছিলেন। তবে তাদের পরিচয় এখনো শনাক্ত হয়নি।

সকাল থেকে দায়িত্বে থাকা দারোয়ান পলাশ চৌহান জানান, দুপুরের দিকে ব্যানারটি টাঙানো হয়। পরে তিনি ওয়াশরুমে গেলে ফিরে এসে ভাঙচুরের বিষয়টি টের পান। আরেক দারোয়ান জানান, তিনি দায়িত্ব নেওয়ার আগেই ঘটনা ঘটে।

এ বিষয়ে ঐক্যবদ্ধ শিক্ষার্থী জোটের সাধারণ সম্পাদক (জিএস) পদপ্রার্থী ও ঢাবি শিবির সভাপতি এসএম ফরহাদ বলেন, প্রচারণার প্রথম দিনই আমাদের ফেস্টুন ফেলে দেওয়া হয়েছে। এটি অত্যন্ত দুঃখজনক। নির্বাচন কমিশনের উচিত দ্রুত তদন্ত করে দায়ীদের শাস্তির ব্যবস্থা করা।

সহকারী প্রক্টর সহযোগী অধ্যাপক ইসরাফিল প্রাং বলেন, আমি চারুকলায় আসার পর দু-একজন আমাকে বললো কে বা কারা একটি ব্যানার ফেলে দিয়েছে। পরে সেই ব্যানার দেখতে এসে খবর পেলাম আরেকটি ব্যানার ফেলে দেওয়া হয়েছে। সেখানে গিয়ে দেখলাম কিছু শিক্ষার্থী আছে। কারা এবং কী উদ্দেশ্যে এ ঘটনা ঘটিয়েছে তা তদন্ত সাপেক্ষে জানা যাবে।